



সংবাদ বিজ্ঞপ্তি

**নোবিপ্রবিতে শিক্ষক, কর্মকর্তা ও
কর্মচারীদের সঙ্গে উপাচার্যের মতবিনিময়**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সঙ্গে মতবিনিময় করেছেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। আজ রোববার (০৬ অক্টোবর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের বীর মুক্তিযোদ্ধা হাজী মোহাম্মদ ইদ্রিছ অডিটোরিয়ামে আয়োজিত পৃথক দুটি সভায় এ মতবিনিময় অনুষ্ঠিত হয়। এ সময় শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের উদ্দেশ্যে একাডেমিক, প্রশাসনিক ও আর্থিক কার্যক্রম বিষয়ে সার্বিক নির্দেশনামূলক বক্তব্য দেন উপাচার্য।

শিক্ষকদের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল তার বক্তব্যের শুরুতেই ২৪-এর গণঅভ্যুত্থানের শহীদদের স্মরণ এবং আহতদের দ্রুত সুস্থতা কামনা করেন। শিক্ষকদের উদ্দেশ্যে উপাচার্য বলেন, আমাদের প্রধান দায়িত্ব হলো, শিক্ষক-শিক্ষার্থী সম্পর্ক উন্নয়নের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখা। আমি চাই, শিক্ষকরা ক্লাসগুলো সঠিক সময়ে নেবেন ও কোর্সগুলো নির্ধারিত সময়ে সমাপ্ত করবেন। তাহলে কোনো ধরনের সেশনজট থাকবে না। শিক্ষার্থীদের মূল্যায়ন করতে হবে মেধার ভিত্তিতে। একজন শিক্ষার্থীও যেন বৈষম্যের স্বীকার না হয় সেদিকে লক্ষ রাখতে হবে। যেকোন ধরনের র্যাগিং ও নিপীড়নের বিরুদ্ধে আমাদের দৃঢ় অবস্থান রয়েছে। আমরা ছাত্র-শিক্ষক মিলে একটি পরিবার। যদি একসঙ্গে চলতে পারি আমার বিশ্বাস এই বিশ্ববিদ্যালয় এগিয়ে যাবে। একইসঙ্গে গবেষণা ও প্রকাশনার ক্ষেত্রে আপনাদের আরও মনোযোগী হতে হবে। গবেষণার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করা হবে।

কর্মকর্তা-কর্মচারীদের উদ্দেশ্যে দেয়া বক্তব্যে নোবিপ্রবি উপাচার্য বলেন, অফিসে আসা-যাওয়া ও কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে আপনাদের অনেক বেশি নিয়মানুবর্তি হতে হবে। আমাদের প্রধান অংশীজন তথা শিক্ষার্থীরা যেন সর্বোচ্চ সেবা পায়, সেটিকে সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে। দুর্নীতির বিরুদ্ধে নোবিপ্রবির বর্তমান প্রশাসনের শূন্য সহনশীল নীতি রয়েছে। এটা কঠোরভাবে প্রয়োগ করা হবে। আমরা নোবিপ্রবিকে বৈশ্বিক র্যাংকিংয়ে ভালো অবস্থানে নিয়ে যেতে চাই। এ লক্ষ্য অর্জনে আপনাদের মেধা, যোগ্যতা ও দক্ষতা দিয়ে সর্বাত্মক সহযোগিতা করবেন, এই প্রত্যাশা ব্যক্ত করছি।

নোবিপ্রবি রেজিস্ট্রার (চলতি দায়িত্ব) মোহাম্মদ তামজিদ হোসাইন চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন নোবিপ্রবি রিসার্চ সেলের পরিচালক ও ফার্মেসী বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ শফিকুল ইসলাম, ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগের পরিচালক মোহাম্মদ নিজাম উদ্দিন, ভাষা শহীদ আব্দুস সালাম হলের প্রভোস্ট অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ, বীর মুক্তিযোদ্ধা আব্দুল মালেক উকিল হলের প্রভোস্ট অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর সরকার প্রমুখ।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪